দামুড়হুদায় নতুন কুঁড়ি উপলক্ষে প্রস্তুতি সভা

দামুড়হুদায় শিশু-কিশোরদের প্রতিভা অন্বেষণ প্রতিযোগিতা নতুন কুঁড়ি-২০২৫ উপলক্ষে প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়েছে।

রবিবার সকাল ১১টায় দামুড়হুদা উপজেলা প্রশাসনের আয়োজনে উপজেলা পরিষদের সভাকক্ষে এ প্রস্তুতিমূলক আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা উপজেলা নির্বাহী কর্মকর্তা তিথি মিত্রের সভাপতিত্বে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা জিয়াউল হক, উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা আবু হাসান, দামুড়হুদা প্রেসক্লাবের সভাপতি শামসুজ্জোহা পলাশ, মাধ্যমিক একাডেমি সুপারভাইজার রাফিজুল ইসলাম, দামুড়হুদা সরকারি পাইলট হাইস্কুলের প্রধান শিক্ষক নজরুল ইসলাম, উপজেলা শিল্পকলা একাডেমির সংগীতশিল্পী ওস্তাদ আক্কাস আলী, আজমত আলীসহ উপজেলার বিভিন্ন মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকবৃন্দ।

দামুড়হুদায় ইজিবাইক-আলমসাধু সংঘর্ষে মসজিদের মুয়াজ্জিন নিহত

চুয়াডাঙ্গার দামুড়হুদায় ইজিবাইক-আলমসাধু মুখামুখি সংঘর্ষ ইজিবাইকর যাত্রী বরকত আলি (৫৫) নিহত হয়েছেন। নিহত বরকত আলি দামুড়হুদা উপজেলার হাতিভাঙ্গা গ্রামের মৃত বুদো মোল্লার ছেলে ও হাতিভাঙ্গা মসজিদের মুয়াজ্জিন ছিলেন।

আজ রোববার (৩১আগস্ট) সকাল ১০টার দিকে উপজেলার মুক্তারপুর মোল্লা বাজার নামক স্থানে এই দুর্ঘটনা ঘটে।

দামুড়হুদা সদর ইউপির ৮ নং ওয়ার্ড সদস্য মুক্তারপুর গ্রামের হাসান

আলী জানান, বরকত আলী সকালে কার্পাসডাঙ্গা বাজার থেকে বাজার করে ব্যাটারী চালিত ইজিবাইক যোগে বাড়ী ফিরছিল।

ইজিবাইকটি দামুড়হুদা – কার্পাসডাঙ্গা সড়কের মুক্তারপুর ফেরিঘাট নামক স্থানে পৌছালে বিপরীত দিক থেকে আসা একটি দ্রুত মাছ বহনকারী স্যালোইঞ্জিন চালিত অবৈধ যান আলমসাধুর সাথে মুখোমুখি ধাক্কা লাগে।

এতে ইজিবাইকটি দুমড়ে মুচড়ে যায়। এময় বরকত আলী সড়কের উপর ছিটকে পড়ে মাথাসহ মুখমন্ডলে আঘাত পেয়ে গুরতর জখম হন এবং ঘটনাস্থলেই মারা যায়।
দামুড়হুদা মডেল থানার ভারপ্রাপ্ত কর্মতর্তা হুমায়ন কবীর ঘটনার সত্যতা নিশ্চিত করে জানান, খবর পেয়ে পুলিশ পাঠানো হয়েছে। এখনো কেউ কোন অভিযোগ করেনি অভিযোগ পেলে তদন্ত পূর্বক ব্যবস্থা নেওয়া হবে।

দামুড়হুদার গোবিন্দহুদা মাধ্যমিক বিদ্যালয়ে অভিভাবক সমাবেশ অনুষ্ঠিত

শিক্ষার্থীদের শিক্ষার মান উন্নয়ন ও উপস্থিতির হার বৃদ্ধি করণ উপলক্ষে দামুড়হুদার গোবিন্দহুদা মাধ্যমিক বিদ্যালয়ে অভিভাবক সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

আজ বৃহস্পতিবার সকাল সাড়ে ১১ টার সময় গোবিন্দহুদা মাধ্যমিক বিদ্যালয়ের আয়োজনে বিদ্যালয় প্রাঙ্গণে এই অভিভাবক সমাবেশ অনুষ্ঠিত হয়।

গোবিন্দহুদা মাধ্যমিক বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক ইকবাল হোসেনের সভাপতিত্বে এসময় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন গোবিন্দহুদা মাধ্যমিক বিদ্যালয়ের সভাপতি রিকাত মালিথা, বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন গোবিন্দহুদা মাধ্যমিক

বিদ্যালয়ের অবসরপ্রাপ্ত প্রধান শিক্ষক আব্দুল মান্নান, অবসরপ্রাপ্ত সহকারী শিক্ষক রফিকুল ইসলাম, অভিভাবক সদস্য আজাদুল ইসলাম আজাদ খাঁনসহ বিদ্যালয়ের সহকারী শিক্ষক শিক্ষিকাবৃন্দ, বিদ্যালয়ে অধ্যায়ণরত ছাত্র-ছাত্রীদের অভিভাবকবৃন্দ।

অভিভাবক সমাবেশে বক্তারা স্কুলে ছাত্র – ছাত্রীদের শিক্ষার মান উন্নয়ন ও নিয়মিত উপস্থিতির হার বৃদ্ধির লক্ষ্যে বক্তব্যে বলেন আমাদের ক্ষেত খামার, চাকরি, ব্যবসাসহ জীবন ধারণের জন্য আমরা নিয়মিত যে সময় ও মূলধন ব্যয় করি ঠিক তেমন ভাবে নিয়ম করে প্রতিদিন আমরা যারা ছাত্র ছাত্রীর অভিভাবক আছি আমাদেরকে নিয়মিত আমার সন্তানের শিক্ষার মান ও সঠিক শিক্ষায় শিক্ষিত করার জন্য সময় ও মূলধন বিনিয়োগ করতে হবে। কোন ভাবেই অবহেলা করা যাবে না। আমার সন্তান কোথায় যায়, কী করে, কাদের সঙ্গে মেলামেশা করে নিয়মিত খোজ খবর নিতে হবে। নিয়মিত বিদ্যালয়ে যাচ্ছে কিনা, লেখা পড়া করেছে কীনা বিদ্যালয়ের শিক্ষকদের সাথে অভিভাবক হিসাবে নিয়মিত যোগাযোগ রাখতে হবে। ডিজিটাল যুগে আমাদের উঠতি বয়সী সন্তানের হাতে আমরা হর হামেশাই দামী মোবাইল ফোন ও দামী মটর বাইক তুলে দিচ্ছি যা আমাদের সন্তানকে আমরা বিপথগামী ও মৃত্যুর মূখে ঠেলে দিচ্ছি। এই অবস্থা থেকে বের হবার পথ খুজতে হবে এবং সন্তানকে সঠিক শিক্ষায় শিক্ষিত করে আগামীর ভবিষ্যৎ প্রজন্ম হিসাবে গড়ে তুলতে হবে।

দামুড়হুদার জয়রামপুরে বিএনপির কর্মী সভা অনুষ্ঠিত

দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নের ৩নং ওয়ার্ড বিএনপির আয়োজনে কর্মী সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল বুধবার বিকাল ৫টার দিকে কাঁঠালতলায় ইউনিয়ন বিএনপি ও সহযোগী সংগঠনের উদ্যোগে এ কর্মী সভা অনুষ্ঠিত হয়।

হাউলী ইউনিয়নের ৩নং ওয়ার্ড বিএনপির ভারপ্রাপ্ত সভাপতি মো. আবু হাসানের সভাপতিত্বে সমাবেশে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন

দামুড়হুদা উপজেলা বিএনপির সভাপতি মনিরুজ্জামান মনির।

অনুষ্ঠানে প্রধান বক্তা ছিলেন দামুড়হুদা উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক রফিকুল হাসান তনু। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা বিএনপির সিনিয়র সহ-সভাপতি আবুল ওয়াহেদ, সাংগঠনিক সম্পাদক প্রভাষক আবুল হাসেম।

বিশেষ অতিথি ছিলেন হাউলী ইউনিয়ন বিএনপির সভাপতি মো. ইউসুফ আলী, সাধারণ সম্পাদক নাফিজ আক্তার সিদ্দিকী।

হাউলী ইউনিয়ন বিএনপির সহ-সাধারণ সম্পাদক কামরুজ্জামানের সঞ্চালনায় এ সময় আরও উপস্থিত ছিলেন হাউলী ইউনিয়ন বিএনপির সাংগঠনিক সম্পাদক মালেক রুস্তম, দামুড়হুদা উপজেলা যুবদলের যুগ্ম আহ্বায়ক মো. সোহেল রানা, সদস্য হুমায়ূন কবির ডাবলু, মমিনুল ইসলাম, সুমন, হাউলী ইউনিয়ন স্বেচ্ছাসেবক দলের সভাপতি তরিকুল ইসলাম, ইউনিয়ন যুবদল নেতা হাসান আলী, আরিফুল ইসলাম, নাজমুল, নুর সালাম, লাবিব সিদ্দিকী, ইউনিয়ন ছাত্রদলের সভাপতি ফারুক হোসেন বাবু, সাধারণ সম্পাদক তামিম হোসেনসহ স্থানীয় বিএনপির বিভিন্ন পর্যায়ের নেতাকর্মী ও সমর্থকবৃন্দ।

কর্মী সভায় বক্তারা বলেন, সংগঠনকে শক্তিশালী করা এখন সময়ের দাবি। দেশের এই ক্রান্তিকালে গণতন্ত্র রক্ষা ও জনগণের অধিকার প্রতিষ্ঠার জন্য প্রতিটি কর্মীকে সচেতন হতে হবে এবং মাঠে সক্রিয় ভূমিকা রাখতে হবে। দলীয় ঐক্যই আমাদের সবচেয়ে বড় শক্তি। ব্যক্তিগত স্বার্থের ঊর্ধ্বে উঠে সবাইকে দলের স্বার্থে একসঙ্গে কাজ করতে হবে। সামনে দিনগুলো আমাদের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ, তাই তৃণমূল পর্যায়ে সংগঠনের বিস্তার ঘটিয়ে প্রতিটি ইউনিটকে আরো সুসংগঠিত করতে হবে। ইউনিয়ন, ওয়ার্ড ও গ্রাম পর্যায়ে প্রতিটি নেতা-কর্মীকে দায়িত্বশীল হতে হবে এবং জনগণের কাছে দলের ভাবমূর্তি ইতিবাচকভাবে তুলে ধরতে হবে। আমরা ঐক্যবদ্ধ থাকলে যেকোনো চ্যালেঞ্জ মোকাবিলা করে সামনে এগিয়ে যেতে পারব ইনশাআল্লাহ।

অনুষ্ঠানটির সার্বিক তত্ত্বাবধানে ছিলেন ৩নং ওয়ার্ড বিএনপির সাধারণ সম্পাদক মো. আব্দুর রাজ্জাক।

দামুড়হুদায় ভোক্তা অধিদপ্তরের অভিযান, দুই প্রতিষ্ঠানে জরিমানা

দামুড়হুদা উপজেলায় জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের অভিযানে ফাঁস হলো মেয়াদোত্তীর্ণ টেস্টিং কীট সংরক্ষণের ঘটনা।

মঙ্গলবার (২৬ আগস্ট) সকাল ১১টা থেকে দুপুর ১টা পর্যন্ত জুড়ানপুর ও চিৎলা এলাকায় এ অভিযান পরিচালিত হয়।

অভিযানে ঔষধ, সার, কীটনাশক ও ডায়াগনস্টিক সেন্টারগুলো তদারকি করা হয়। মূল্যবিহীন ঔষধ সংরক্ষণ ও বিক্রির দায়ে জুড়ানপুরস্থ মো. নওশাদ ইসলামের মেসার্স মহিদুল মেডিকেল হলকে ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯-এর ৩৭ ধারা অনুসারে ২৫ হাজার টাকা জরিমানা করা হয়।

এছাড়া, দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের সামনে অবস্থিত মো. আবু বকর সিদ্দীকের চিৎলা ডায়াগনস্টিক সেন্টারের ফ্রিজে মেয়াদোত্তীর্ণ টেস্টিং কীট সংরক্ষণ ও ব্যবহারের কারণে একই আইনের ৫১ ধারা অনুসারে ১৫ হাজার টাকা জরিমানা আদায় করা হয়।

মোট ৪০ হাজার টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। অভিযানে প্রতিষ্ঠানগুলোকে দ্রুত সমস্যার সমাধান, মূল্য তালিকা হালনাগাদ, যৌক্তিক মূল্যে পণ্য বিক্রি এবং মেয়াদোত্তীর্ণ বা মানহীন পণ্য বিক্রি না করার নির্দেশনা দেওয়া হয়।

অভিযান পরিচালনা করেন জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, চুয়াডাঙ্গা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোহাম্মদ মামুনুল হাসান। সহযোগিতায় ছিলেন ক্যাব প্রতিনিধি মো. রফিকুল ইসলাম ও জেলা পুলিশের একটি টিম।

অধিদপ্তর সূত্রে জানা গেছে, জনস্বার্থে এ ধরনের অভিযান অব্যাহত থাকবে।

দামুড়হুদার হাউলী ইউনিয়নে বিনামূল্যে ভিডাব্লিউবি’র চাল বিতরণ

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের উদ্যোগে “স্বনির্ভরতার জন্য সহায়তা” মূলনীতির আওতায় ভালনারেবল উইমেন বেনিফিট (ভিডব্লিউবি) কর্মসূচির অংশ হিসেবে চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার ৬নং হাউলী ইউনিয়নে বিনামূল্যে চাল বিতরণ অনুষ্ঠিত হয়েছে।

২০২৫-২০২৬ চক্রের জন্য চূড়ান্তভাবে নির্বাচিত ৩৭৪ জন উপকারভোগীর প্রত্যেককে ৩০ কেজি করে চাল প্রদান করা হচ্ছে। আজ মঙ্গলবার সকাল ১০টায় ইউনিয়ন পরিষদ কার্যালয়ে এই কর্মসূচির উদ্বোধন করা হয়।

হাউলী ইউনিয়ন পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান নিজাম উদ্দিনের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, ইউনিয়ন বিএনপি’র সভাপতি ইউসুফ আলী। এছাড়াও উপস্থিত ছিলেন, ট্যাগ অফিসার আতিকুর রহমান, ইউনিয়ন বিএনপি’র সাধারণ সম্পাদক নাফিজ আক্তার সিদ্দিকী, হাউলী ইউনিয়ন জামায়াতের আমির ওবায়দুল্লাহ, প্রশাসনিক কর্মকর্তা মনিরুজ্জামান, ইউপি সদস্য জাহাঙ্গীর আলম টিক্কা, সহিদুল ইসলাম, আব্দুল হান্নান পটু, রিকাত আলী সহ অন্যান্য ইউপি সদস্য, উপকারভোগী ও স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

প্রথম দিনে ১ থেকে ৫ নম্বর ওয়ার্ডের ২০৯ জন উপকারভোগীদের মাঝে চাল বিতরণ সম্পন্ন হয়। আগামী বৃহস্পতিবার ৬ থেকে ৯ নম্বর ওয়ার্ডের ১৬৫ জন উপকারভোগীদের মাঝে চাল বিতরণ করা হবে।

দামুড়হুদায় মিটারের রিডিং ইউনিট বেশি লেখায় রোসানলে পল্লী বিদ্যুৎ কর্মী

দামুড়হুদার বাজার পাড়ায় পল্লী বিদ্যুৎ এর রিডিং ২০ ইউনিট বেশি লেখায় জনগণের রসানলে পড়ে পল্লী বিদ্যুতের মিটার রিডার কাম আশীষ কুমার সরকার। স্থানীয় জনগণ তাকে পুলিশে দেন। পরে দামুড়হুদা পল্লী বিদ্যুৎ এর ইনচার্জ এর জিম্মায় ছেড়ে দেন পুলিশ।

জানা যায়, দামুড়হুদা উপজেলা সদরে হেলাল উদ্দীনের ছেলে মনজুরুল কাদের যার মিটার নাম্বার (৯০৭/২৮০৪) প্রকৃতপক্ষে তার বিগত ৩৫৫ ইউনিট ছিল বর্তমান ৩৮৫ ইউনিট আছে। তার বিল হবে পূর্বের তুলনায় বেশি হবে ৩০ ইউনিট। ৩০ ইউনিট বিল না লিখে পল্লী বিদ্যুতের মিটার রিডার কাম আশীষ কুমার সরকার পূর্বের ৩৫৫ ইউনিট থেকে ৪০৫ ইউনিট দেখিয়ে ৫০ ইউনিট’র বিল লিখেছে। তখন বাড়ির মালিক মঞ্জুরুল কাদির বিল যাচাই করে দেখেন ২০ ইউনিট বেশি বিল লিখেছে।

এদিকে একই পাড়ার হুরু মন্ডলের ছেলেদের দীনু মন্ডল যার মিটার নাম্বার ৮৬৫/২৬১০ মিটারটি দীর্ঘদিন বন্ধ থাকার পরও প্রতিমাসে বিল আসছে। এতে করে মোট বিল এসছে ২১৫৮ টাকা। এই ঘটনায় পল্লী বিদ্যুতের মিটার রিডার কাম আশীষ কুমার সরকারকে আটকে পুলিশে দেয় স্থানীয় জনগণ। এই ধরনের ঘটনা অনেকের সাথে ঘটেছে বলে স্থানীয় জনগণ জানিয়েছেন। এর থেকে পরিত্রাণ পেতে কর্তৃপক্ষর সুদৃষ্টি কামনা করেছেন এলাকাবাসী।

এ বিষয়ে ভুক্তভোগী মনজুরুল কাদিরসহ এলাকাবাসিরা বলেন, আমাদের প্রতিনিয়ত বেশি বিল লিখে আমাদের সাথে প্রতারণা করা হচ্ছে। কেন এই প্রতারণা করা হচ্ছে তার সঠিক বিচার চাই। সেই সাথে এই ধরনের ঘটনা পুনরায় যদি ঘটে আমরা সাধারণ মানুষ আন্দোলনে নামতে বাধ্য হবো। তাই গ্রাহকদের বিষয় বিবেচনা করে সতর্কতার সাথে বিল তৈরি করতে হবে এবং সাধারণ গ্রাহকরা যাতে হয়রানির স্বীকার না হয় সেদিকে লক্ষ্য রেখে কাজ করার আহ্বান জানান তারা।

দামুড়হুদায় বিশ্ব মাতৃদুগ্ধ সপ্তাহ উপলক্ষ্যে র্যালী ও আলোচনা সভা

দামুড়হুদায় বিশ্ব মাতৃদুগ্ধ সপ্তাহ উদযাপন উপলক্ষ্যে র্যালী ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল সোমবার সকাল ১০টার দিকে ঢাকা জনস্বাস্থ্য পুষ্টি প্রতিষ্ঠানের আয়োজনে দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের বাস্তবায়নে এই কর্মসূচির উদ্বোধন উপলক্ষ্যে বর্ণাঢ্য র্যালী অনুষ্ঠিত হয়।

র্যালী শেষে দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের সভা কক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। র্যালী ও আলোচনা সভায় সভাপতিত্ব করেন, দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা ডাঃ হেলেনা আক্তার। এসময় উপস্থিত ছিলেন, এমটি (ইপিআই) ফারুক আহমেদ, স্যানিটারি ইন্সপেক্টর মোঃ নিয়ামত আলী সহ হাসপাতালের সিনিয়ার স্টাফ নার্স, সহকারী স্বাস্থ্য পরিদর্শক ও সিএইচসিপি গণ প্রমুখ।

দামুড়হুদা উপজেলা প্রস্তাবিত মুক্তিযোদ্ধাদের এডহক কমিটি গঠিত

দামুড়হুদা উপজেলা প্রস্তাবিত মুক্তিযোদ্ধাদের এডহক কমিটি গঠিত হয়েছে। গত শনিবার দর্শনা পৌর মুক্তিযোদ্ধা কমান্ড অফিসে বিকাল ৪টার দিকে মুক্তিযোদ্ধাদের এক সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয়।

এ সভায় বীর মুক্তিযোদ্ধা হাফিজুল আলমকে আহ্বায়ক করে ৭ সদস্য বিশিষ্ট একটি আহ্বায়ক কমিটি গঠিত হয়েছে। বীর মুক্তিযোদ্ধা মাহাতাব উদ্দিনকে যুগ্ম আহ্বায়ক করা হয়। বীর মুক্তিযোদ্ধা লুৎফর রহমানকে সদস্য সচিব এবং সদস্যরা হলেন, বীর মুক্তিযোদ্ধা রেজাউল করিম, বীর মুক্তিযোদ্ধা নুরুল ইসলাম, বীর মুক্তিযোদ্ধা ইসমাইল হোসেন ও বীর মুক্তিযোদ্ধা দিলদার হোসেন।

প্রস্তাবিত এ কমিটি বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ জেলা ইউনিট কমান্ড বরাবর প্রেরণ করা হয়েছে। জেলা মুক্তিযোদ্ধা সংসদ অনুমোদন দেওয়ার পর পূনার্ঙ্গ কমিটি নিবার্চিত হবে বলে জানান আহ্বায়ক বীর মুক্তিযোদ্ধা হাফিজুল আলম।

দামুড়হুদার চিৎলায় ওপেন হাউজ ডে অনুষ্ঠিত

দামুড়হুদার চিৎলায় ওপেন হাউজ ডে অনুষ্ঠিত হয়েছে। গতকাল শনিবার বিকাল ৫ টার দিকে দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের সামনে দামুড়হুদা মডেল থানার আয়োজনে এই ওপেন হাউজডে অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা সদর ইউনিয়নের ৫ নং ওয়ার্ড বিএনপি নেতা আত্তাপ আলীর সভাপতিত্বে এসময় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ হুমায়ুন কবির, বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন সেকেন্ড অফিসার মেহেদী হাসান, দামুড়হুদা উপজেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক প্রভাষক আবুল হাশেম, দামুড়হুদা প্রেস ক্লাব সভাপতি শামসুজোহা পলাশ,
দামুড়হুদা উপজেলা বিএনপির সাবেক প্রচার সম্পাদক আশরাফুল আলম বাবলুর সঞ্চালনায় আরো উপস্থিত ছিলেন সদর ইউনিয়ন ৫ নং ওয়ার্ড বিএনপির সাধারণ সম্পাদক বকুল হোসেন, বিএনপি নেতা শফি মহুরি, যুবদল নেতা দেলোয়ার হোসেন, আলমগীর হোসেন, স্বপন,চিৎলা হাসপাতাল গেটের সামনের ফার্মেসী ব্যাবসায়ীবৃন্দ,আমন্ত্রিত গণ্যমান্য ব্যক্তিবর্গসহ সকল শ্রেনীপেষার মানুষ।